

## কেন কোভিড-19 টিকার মার্কা বা ব্র্যান্ডসমূহ মিশ্রণ করা ঠিক আছে?

কোভিড-19 টিকাসমূহের 2টি ডোজ গ্রহণ করা খুবই গুরুত্বপূর্ণ যাতে আপনি কোভিড-19 এবং এর ভিন্নরূপ বা ভ্যারিয়েন্টগুলোর বিরুদ্ধে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত হবেন। আপনার 2য় ডোজটির 2 সপ্তাহ পরেই আপনি সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত বলে বিবেচিত।


### আমার 2য় ডোজের জন্য ভিন্ন একটি কোভিড-19 টিকা গ্রহণ করা কি ঠিক?



হ্যাঁ! এটি কোভিড-19 এবং এর ভিন্নরূপগুলোর বিরুদ্ধে আপনাকে সুরক্ষা প্রদানে নিরাপদ এবং কার্যকর।


### পূর্বে অন্যান্য টিকাসমূহের জন্য “মিশ্রণ বা মিক্সিং” করা হয়েছে কি?

হ্যাঁ, এটি অনেক প্রচলিত ব্যাপার। উদাহরণস্বরূপ, হেপাটাইটিস B (Hepatitis B) বা হামের (measles) জন্য বিভিন্ন মার্কার টিকাসমূহ প্রায়ই মিশ্রিত করা হয়ে থাকে।



### ডোজ 2-এর জন্য আমাকে কেন ভিন্ন একটি টিকা প্রদান করা হচ্ছে?

কানাডায় প্রতিটি টিকার সরবরাহসমূহ সপ্তাহ থেকে সপ্তাহে ভিন্ন হতে পারে এবং কখনও কখনও ডোজ 1-এর জন্য আপনি যে মার্কার টিকাটি গ্রহণ করেছেন যখন আপনি ডোজ 2 গ্রহণ করেন সেটি উপলভ্য নাও হতে পারে। একই মার্কার টিকার ডোজ 2 গ্রহণ করার জন্য আপনাকে কত দীর্ঘ সময় অপেক্ষা করতে হবে আমরা তা জানি না। প্রথম উপলভ্য এমআরএনএ (mRNA) টিকা [মডার্না (Moderna) বা ফাইজার (Pfizer)] যেটিই আপনাকে প্রদান করা হচ্ছে সেটিই কোভিড-19 থেকে আপনার নিজেকে সুরক্ষা প্রদান করার জন্য সবচেয়ে ভালো উপায়।



### আমার দ্বিতীয় ডোজের জন্য কোভিড-19 টিকার কোনটি আমার গ্রহণ করা উচিত?

কানাডা বর্তমানে প্রথম এবং দ্বিতীয় ডোজের জন্য মডার্না এবং ফাইজারের কোভিড টিকাসমূহ প্রদান করছে। এই টিকাসমূহ মূলত অভিন্ন এবং খুবই কার্যকর (2 ডোজের পরে কোভিড জনিত অসুস্থতা প্রতিরোধে প্রায় 95% কার্যকর)।

### আপনি নিরাপদে আপনার 1ম এবং 2য় ডোজের জন্য কোভিড-19 টিকার ভিন্ন ভিন্ন মার্কাসমূহ মिलाতে পারেন।



1ম ডোজের জন্য যে টিকাটি গ্রহণ করা হয়েছে	2য় ডোজের জন্য বিকল্পসমূহ
ফাইজার/বায়োএনটেক (Pfizer/BioNTech)	ফাইজার বা মডার্না 1ম ডোজের কমপক্ষে 21 দিন পর
মডার্না	মডার্না বা ফাইজার 1ম ডোজের কমপক্ষে 28 দিন পর
অ্যাস্ট্রাজেনেকা (AstraZeneca)	ফাইজার বা মডার্না (সুপারিশ প্রদান করা হয়) বা অ্যাস্ট্রাজেনেকা 1ম ডোজের কমপক্ষে 56 দিন (8 সপ্তাহ) পর

যদি আপনি সুপারিশকৃত যে কোনো একটির মিশ্রণ গ্রহণ করেন, 2য় ডোজটির 2 সপ্তাহ পরে আপনাকে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত হয়েছেন বলে বিবেচনা করা হবে।



## যদি আমি আমার 2য় ডোজটির জন্য ভিন্ন একটি টিকা গ্রহণ করি, আমি কি ভিন্নধরনের পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহ অনুভব করবো?

মডার্না এবং ফাইজার/বায়োএনটেক কোভিড-19 টিকাসমূহ খুবই নিরাপদ ও এদের অনুরূপ পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহ রয়েছে। সবচেয়ে সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহের অন্তর্গত ইনজেকশনের স্থানে কাঁধে/বাহুতে ব্যাথা, দেহ ও মাংসপেশির ব্যাথা, শীত শীত লাগা, ক্লান্তি বোধ করা এবং জ্বর জ্বর বোধ করা। তাদের টিকাটির দ্বিতীয় ডোজ গ্রহণ করার পর কতিপয় ব্যক্তি কিছুটা প্রবল পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহ অনুভব করেন (উদাহরণস্বরূপ, আরও বেশী ক্লান্তি বোধ করা বা আরও বেশী মাংসপেশির ব্যাথা হওয়া) - এটির অর্থ আপনার রোগ-প্রতিরোধ ব্যবস্থা কাজ করছে! এইসকল পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহ সাধারণত আনুমানিক এক থেকে তিন দিনের মধ্যে ভালো হয়ে যায়।



**কোভিড-19 এবং এর ভিন্নরূপগুলোর বিরুদ্ধে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত হতে হলে আপনার জন্য কোভিড-19 টিকাসমূহের দুইটি ডোজ গ্রহণ করা গুরুত্বপূর্ণ। এটি আপনাকে, আপনার প্রিয়জনকে, এবং আপনার কমিউনিটিকে কোভিড-19 সংক্রান্ত অসুস্থতা থেকে সুরক্ষা প্রদান করে।**

আমরা আশা করি যে আপনি এই বুলেটিনটি উপকারী মনে করবেন! আমরা আপনাকে এটি ব্যাপকভাবে প্রচার, একটি অডিও বা ভিডিও ফাইলের পাণ্ডুলিপি বা স্ক্রিপ্ট হিসাবে ধারণ বা রেকর্ড করে ব্যবহার বা অন্যদের সাথে বন্টন করার জন্য এটিকে আরো ভাষায় অনুবাদ করার জন্য আমন্ত্রণ জানাই। অনুগ্রহ করে উৎসটিকে কৃতিত্ব প্রদান করার ব্যাপারে নিশ্চিত হোন: উইমেন্স কলেজ হসপিটাল, ওসিএএসআই (OCASI), টিএআইবিইউ (TAIBU) কমিউনিটি হেলথ সেন্টার এবং রিফিউজি 613।

7 জুলাই, 2021 অনুযায়ী সঠিক

এই বুলেটিনের তথ্যটি কানাডীয় চিকিৎসকগণের দ্বারা যাচাই করা হয়েছে: মেব রশিদ, এমডি, সহযোগী অধ্যাপক, ইউনিভার্সিটি অব টরন্টো (Meb Rashid MD, Assistant Professor, University of Toronto); ভ্যালেসা রেড্টিট, এমডি, প্রভাষক, ইউনিভার্সিটি অব টরন্টো (Vanessa Redditt, MD, Lecturer, University of Toronto); এবং আইজ্যাক আই. বগোচ, এমডি, সহযোগী অধ্যাপক, ইউনিভার্সিটি অব টরন্টো (Isaac I. Bogoch, MD, Associate Professor, University of Toronto)

বিশ্ববাস্তুসমূহে অবদান রেখেছেন: অ্যান্ড্রেয়া চিটল (Andrea Chittle), ক্যালী গ্রাইন্ডরড (Kelly Grindrod), নোয়াহ আইভারস (Noah Ivers), সামিরা জেইমি (Samira Jeimy), তারা কিরন (Tara Kiran), কেইট মিলার (Kate Miller), মেনাকা পাই (Menaka Pai), অ্যাড্রিয়ান পুন (Adrian Poon), সামান্থা ইয়াম্মিন (Samantha Yamine), সাবিনা ভোহরা-মিলার (Sabina Vohra-Miller), ক্রিস্টেন ওয়াট (Kristen Watt), হলি উইটম্যান (Holly Witteman)

{ REFUGEE } 613



OCASI  
Ontario Council of Agencies Serving Immigrants

WCH  
WOMEN'S COLLEGE HOSPITAL  
Healthcare | REVOLUTIONIZED

Funded by:



Immigration, Refugees  
and Citizenship Canada

Financé par :

Immigration, Réfugiés  
et Citoyenneté Canada

With contributions from:

pchs  
Serving Diverse Communities

